দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... ... MAR 14 2000

# বিদ্যুৎ বিভ্রাট ॥ পরীক্ষার্থীদের দুর্ভোগ

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (সোমবার) রাতে আকস্মিক বিদ্যুৎ-বিভ্রাটে নগরীর বহু এলাকা অন্ধকারে তলাইয়া যায়। ফলে এসএসসি পরীক্ষার্থীসহ নগরবাসী অসহনীয় দুর্ভোগের শিকার হন। বিদ্যুৎ বিভাগের ঊর্ধ্বতন সূত্র জানায়, অতি বৃষ্টির ফলে উলন সাব-স্টেশনের ৩টি গ্রীড লাইনের মধ্যে ৭টা ৪০ মিনিটে একটি এবং ৭টা ৪৫ মিনিটে আরও একটি গ্রীড লাইন ট্রিপ করে। ফলে উলন সাব স্টেশন (২য় পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## বিদুৎ বিভ্রাট

(১ম পৃঃ পর)

বিদুৎবিহীন হইয়া পড়ে এবং ধানমন্ডি সাব-স্টেশনে বিদ্যুৎ সরবরাহ বন্ধ হইয়া যায়। সঙ্গে সঙ্গে সমগ্র ধানমন্ডি, কাওরান বাজার, মগবাজার, তেজগাঁও, গুলিস্তান প্রভৃতি এলাকা অন্ধকারে তলাইয়া যায়। রাত ৮টা ১ মিনিটে গ্রীড লাইনে বিদ্যুৎ সরবরাহ পুনরায় চালু হওয়ার পর এ সকল এলাকায় আলো ফিরিয়া আসিতে থাকে। তবে লাইন ছিঁড়িয়া যাওয়ায় তেজগাঁ রাত সাড়ে ৯টা পর্যন্ত অন্ধকারে ছিল। ইহাছাড়া উর্দু রোড, আজিমপুর, লালবাগ, এলিফ্যান্ট রোড, মিরপুর ১০ নম্বর প্রভৃতি এলাকায়ও গতকাল রাতে বহুক্ষণ বিদ্যুৎ ছিল না। এলাকাবাসী টেলিফোনে ইত্তেফাককে জানান, এই সম্পর্কে অভিযোগ করিয়াও বিদ্যুৎ কর্মীদের পাওয়া যায় নাই।

**গতকাল মীরপুরে সারাদিন বিদ্যুৎ ছিল না**

গতকাল (সোমবার) মীরপুর ১ নং হইতে ১০ নং সেকশন পর্যন্ত গোটা এলাকায় সারাদিন এবং এই রিপোর্ট লেখা পর্যন্ত (রাত সোয়া ৯টা) কোন বিদ্যুৎ ছিল না। এলাকার বিভিন্ন শিল্প কারখানা, বিশেষ করিয়া গার্মেন্টস ফ্যাক্টরীগুলিতে উৎপাদন বন্ধ থাকে। চলতি এসএসসি পরীক্ষার্থীদের পড়াশুনার ব্যাঘাত ঘটে। জানা যায়, গত রবিবার বিকালের আকস্মিক ঝড়ে একটি ট্রান্সফর্মার জ্বলিয়া যায়। কিন্তু মীরপুর এলাকায় বিদ্যুৎ সরবরাহের দায়িত্বে ন্যস্ত বেসরকারী প্রতিষ্ঠান ডেস্কো অভিযোগ কেন্দ্রে ফোন করিয়া কাহাকেও পাওয়া যায় নাই।